

সিনিয়র ড্রাইভার নূরুল ইসলামের মৃত্যুতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের শোক প্রকাশ



জগন্নাথ বিশ্ববিদ্যালয় পরিবহন পুলের সিনিয়র ড্রাইভার মোঃ নূরুল ইসলাম ২০ ডিসেম্বর, সোমবার সকাল ৮ ঘটিকায় জাতীয় হৃদরোগ ইনস্টিটিউটে মৃত্যুবরণ করেন (ইন্মালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। উল্লেখ্য, মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৪৮ বছর। মরহুমের জানাযা জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় জামে মসজিদ সংলগ্নে বেলা ১২ ঘটিকায় অনুষ্ঠিত হয়।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এবং ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করছে। জগন্নাথ বিশ্ববিদ্যালয় পরিবার মরহুমের বিদেহী আত্মার শান্তি কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করছে।